



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ অক্টোবর' ২০২৩

### চসিকে ১দিনে ৭ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন

একদিনে সাত প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

২০ কোটি ১৯ লাখ টাকা ব্যয়ে মঙ্গলবার ভিত্তি প্রস্তর স্থাপন হওয়া প্রকল্পগুলো হলো কেইপিজেড মোড়স্থ ফুটওভারব্রীজ, কাঠগড় মোড়স্থ ফুটওভারব্রীজ, কাঠগড় মোড়স্থ গোলচত্তর, সল্টগোলা ক্রসিং গোলচত্তর, সল্টগোলা ক্রসিং হতে কাঠগড় পর্যন্ত ফুটপাথ (পূর্বপাশ), কাঠগড় মোড় হতে টানেল মোড় পর্যন্ত ফুটপাথ (পূর্বপাশ) নির্মাণ।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, নগরীর যোগাযোগ ব্যবস্থাকে ঢেলে সাজানোর পথে আমরা বেশ এগিয়ে গেছি। জলাবদ্ধতা এবং আলোকায়নের অভাব পূরণ এখন আমার মূল লক্ষ্য। 'ওয়ান সিটি, টু টাউন' হওয়ার পথে এগিয়ে যাচ্ছে চট্টগ্রাম।

গুজব থেকে সতর্ক থাকার আহবান জানিয়ে মেয়র বলেন, স্বাধীনতা বিরোধীরা নানা গুজব ছড়াচ্ছে। ২০০৮ সালে নির্বাচনের আগেও অনেক গুজব ছড়িয়েছে। কিন্তু শেখ হাসিনা ক্ষমতা পেয়ে ভারতের মতো পরাশক্তির সাথে শাস্তিপূর্ণ উপায়ে ছিটমহল উদ্ধার করেছেন, সমুদ্র বিজয় করেছেন। গরীব পরিবারের সন্তানবাব বইয়ের অভাবে পড়তে পারতনা। শেখ হাসিনার কল্যাণে আজ সবাই শিক্ষার সুযোগ পাচ্ছে। করোনায় বিনামূল্যে টিকা পেয়েছে জনগণ।

"এরপরও ষড়যন্ত্রকারীরা থেমে নেই, স্বাধীনতাবিরোধীদের এখন প্রধান অন্তর্গত গুজব। ওরা আমেরিকার উপর ভর করে ক্ষমতায় আসতে চায়। লাভ নাই। পদ্মা সেতু ঠেকাইতে পারে নাই, টানেল ঠেকাতে পারে নাই, আওয়ামী লীগকেও ঠেকাতে পারবেনা। ওদের পেছনের দরজা দিয়ে ক্ষমতায় আসার স্থপ্ত কোনদিনও পূরণ হবেনা"

ওয়ার্ড কাউন্সিলর আব্দুল বারেকের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্যানেল মেয়র আফরোজা কালাম, কাউন্সিলর ছালেহ আহমেদ চৌধুরী, জিয়াউল হক সুমন, শাহনুর বেগম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হুদা, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী শাহিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, সহকারী প্রকৌশলী মোহাইমিনুল ইসলাম, উত্তর পতেঙ্গা ওয়ার্ড আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি মো. আলী প্রমুখ।

### চসিকের নিজস্ব তহবিল হতে ২৯৬টি পূজা মণ্ডপে নগদ অর্থ প্রদান করে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল থেকে আসন্ন শারদীয় দুর্গোৎসব উপলক্ষে চট্টগ্রাম মহানগরীর ৪১টি ওয়ার্ডে ২৯৬টি পূজা মণ্ডপে নগদ অর্থ প্রদান করা হয়।

নদনকানন থিয়েটার ইনসিটিউট হলে আয়োজিত অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তোহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সিটি মেয়র তাঁর বক্তব্য বলেন, বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক দেশ। ৭১'সালে সকলেই মিলে আমরা এদেশ স্বাধীন করেছি। সন্নাতন ধর্মাবলম্বীদের নির্ভয়ে দুর্গাপূজা উদ্যাপনের আহ্বান জানিয়ে তিনি বলেন, উৎসব মুখর পরিবেশে আপনারা পূজা করুন। এবং প্রধানমন্ত্রীর জন্য আশীর্বাদ করবেন যাতে সকল ষড়যন্ত্র প্রতিহত করে তিনি দেশকে সুন্দর ভাবে পরিচালনা করতে পারে।

এসময় উপস্থিতি ছিলেন-কাউন্সিলর জহরলাল হাজারী, মোহাম্মদ সলিমুলাহ বাচু, মুরুল আমম, শৈবাল দাশ সুমন, আবদুস সালাম মাসুম, পুলক খান্তগীর, সংক্ষিত কাউন্সিলর আনজুমারা বেগম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) ঝুলন কুমার দাশ, উপ-সচিব আশেক রসুল টিপু প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮